

ক্যাম্পাস

সাভারে পুলিশ কর্মকর্তাকে পিটিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ০৬ সেপ্টেম্বর ২০২৬, ০১:৫৯ PM



ঢাকার সাভারের আমিনবাজারে পুলিশের বিশেষ শাখার (এসবি) এক উপপরিদর্শককে (এসআই) পিটিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহত মো. আলতাফ হোসেন (৬০) মালিবাগে এসবিতে কর্মরত ছিলেন। এ ঘটনায় তাঁর ছেলে মো. আরিফ গুরুতর আহত হয়েছেন।

শনিবার (৫ সেপ্টেম্বর) রাত ১০টার দিকে আমিনবাজারের বড়দেশি গ্রামের জনতা হাউজিং এলাকায় এ ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, রাতে কারখানা থেকে ভাড়া বাসায় ফিরছিলেন আলতাফ হোসেন। পথে তিনি কয়েকজন যুবককে এক বৃদ্ধ অটোরিকশাচালককে মারধর করতে দেখেন। এ সময় তিনি এর প্রতিবাদ করলে ওই যুবকেরা তাঁর ওপরও হামলা চালান। একপর্যায়ে প্রাণ বাঁচাতে আলতাফ নিজেকে পুলিশ সদস্য পরিচয় দিয়ে দৌড়ে তাঁর ছেলের কারখানায় ঢুকে পড়েন।

পরে হামলাকারীরা আরও ১৫ থেকে ২০ জনকে সঙ্গে নিয়ে ওই কারখানায় হামলা চালায়। তারা কারখানায় ঢুকে মেশিনসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ জিনিসপত্র ভাঙচুর করে। এরপর আলতাফ হোসেন ও তাঁর ছেলে আরিফকে মারধর করে অচেতন অবস্থায় ফেলে রেখে যায়।

পরে প্রতিবেশীরা তাঁদের উদ্ধার করে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক আলতাফ হোসেনকে মৃত ঘোষণা করেন। তাঁর ছেলে আরিফ গুরুতর আহত অবস্থায় চিকিৎসাধীন রয়েছেন।

নিহত আলতাফ হোসেন সিরাজগঞ্জের এনায়েতপুর থানার রূপনাই সাধুপাড়া গ্রামের মৃত জুরায়ন আলী শেখের ছেলে। তিনি পরিবার নিয়ে আমিনবাজারের জনতা হাউজিং এলাকায় ভাড়া থাকতেন। ওই এলাকায় তাঁর নিজস্ব পাঁচ শতাংশ জমিতে টিনশেডের একটি কারখানা রয়েছে।

সাভার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, "তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে আমিনবাজার এলাকায় একজন এসবি সদস্যকে পিটিয়ে হত্যা করা হয়েছে।"

তিনি জানান, হামলাকারীদের শনাক্ত করা হয়েছে। তাঁদের গ্রেপ্তারে অভিযান চলছে।

এ বিভাগের আরও খবর



ফ্যাসিস্ট আমলের কারাবাসের স্মৃতিচারণ করে জবি ছাত্রদল নেতা রুমির আবেগঘন বার্তা
২০১৪ সালের ৩ অক্টোবর গ্রেপ্তার হয়ে নাজিমুদ্দিন রোডের গুরোনো কারাগারে যাওয়ার স্মৃতি সুরণ করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ছাত্রদলের ২ নং...



শিক্ষকদের পেনশন লুটে জড়িতদের বিচারের দাবি ইশারাকের
শিক্ষকদের পেনশনের অর্থ আত্মসাতের সঙ্গে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ও ঢাকা-৬ আস...



আবু সাঈদ হত্যা: বেরোবির তিন শিক্ষকসহ ১১ জনকে স্থায়ী বহিস্কার
২০২৪ সালের জুলাই আন্দোলনের সময় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) শিক্ষার্থী আবু সাঈদ নিহত হওয়ার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষকসহ ১১ জনক...



ক্যারিয়ার প্রস্তুতিতে বেরোবিতে ঐনো ইওর এমপ্লয়ারশেপশন
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) শিক্ষার্থীদের ক্যারিয়ার পরিকল্পনা ও চাকরির বাজার সম্পর্কে ধারণা দিতে ঐনো ইওর এমপ্লয়ারশেপশন শীর্ষক ক্যারিয়ার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/campus/sabhare-pulish-krmkrtake-pitije-htja-krechhe-durbrittra>